বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.bhtpa.gov.bd

স্মারক নং: ৫৬.০২.০০০০.০০৪.১১.০০৫.২৪- ৯৫১

তারিখ: ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিয়োগপত্র

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটির সুপারিশ এবং কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে 'বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫' অনুযায়ী কর্তৃপক্ষের রাজস্ব খাতভুক্ত **'স্টোর কিপার'** পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা: ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | রোল নং | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ১২০০২৯৬ | নাম : শিহাব উদ্দিন<br>পিতা : ইদ্রিস আলী ঢালী<br>মাতা : নাছিমা বেগম | গ্রাম : উত্তর আন্ডারচর;<br>ডাকঘর : করিম খানের হাট-৭৯২০;<br>উপজেলা : কালকিনি;<br>জেলা : মাদারীপুর। | স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন প্রাপ্তির সাপেক্ষে যোগদানপত্র গ্রহণ করা হবে। |

০২। শর্তাবলি:

ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।

খ) চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;

গ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে। সেক্ষেত্রে প্রার্থী যোগদানের পর থেকে বেতন-ভাতাদি ও প্রশিক্ষণ বাবদ উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে জমাদানে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। অন্যথায় সরকারী পাওনা আদায় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপ টেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। রিপোর্ট দাখিল/প্রাপ্তির সাপেক্ষে যোগদানপত্র গ্রহণ করা হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন;

ঙ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

চ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

ছ) চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে:

জ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ এর বিধি ৬ এর অনুযায়ী, নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

ঝ) চাকরিতে তার জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

ঞ) শিক্ষানবিশকালে চাকরি থেকে স্বেচ্ছায় অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ থেকে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

ট) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যেকোনো বিষয় প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত

এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

ঠ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৯ ডিসেম্বর, ২০২৫ তারিখে মধ্যে স্বশরীরে উপস্থিত থেকে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা তে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে মধ্যে চাকুরিতে যোগদান না করলে/যোগদানে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১৪/১২/২৫

(মোঃ মামুনুর রশীদ ভূঞা)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

স্মারক নং: ৫৬.০২.০০০০.০০৪.১১.০০৫.২৪-১৫১

তারিখ: ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সিজিও ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. আইটি শাখা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জনাব..............................................।
৭. নোটিশ বোর্ড।
৮. অফিস কপি।

১৪/১২/২৫

(এস, এম, ফরিদ উদ্দিন)
পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ